# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

(কৃষি ও টেক্সটাইল শাখা)

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২১০

www.bteb.gov.bd

**"উন্নত আগামীর বাংলাদেশ নির্মানে কারিগরি শিক্ষার বিকল্প নাই"**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩১৩.৪১.০০৩.২৫-৩৭৯

তারিখ: ০১ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ / ১৬ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## সংশোধিত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ০৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের অ্যাপারেল মেনুফ্যাকচারিং, ফ্যাশন ডিজাইন, ইয়ার্ন মেনুফ্যাকচারিং, ফেব্রিক মেনুফ্যাকচারিং, জুট প্রোডাক্ট মেনুফ্যাকচারিং, ওয়েট প্রসেসিং, মার্চেন্ডাইজিং এন্ড মার্কেটিং, টেক্সটাইল মেশিন ডিজাইন এন্ড মেইনটেন্যান্স টেকনোলজির ১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ পর্ব ও ৮ম (নিয়মিত) এবং ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্ব (অনিয়মিত) (প্রবিধান- ২০২২) এবং টেক্সটাইল, জুট ও গার্মেন্টস ডিজাইন অ্যান্ড প্যাটার্ন মেকিং টেকনোলজির ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত ও অনিয়মিত (প্রবিধান-২০১০) **বোর্ড সমাপনী পরীক্ষা-২০২৫ (জোড় পর্ব) আগামী ১৭ ডিসেম্বর, ২০২৫খ্রি. রোজ বুধবার হতে বোর্ড কর্তৃক নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে।** পরীক্ষার বিস্তারিত সময়সূচি বোর্ডের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে ফরম পুরণের আহবান করা হলো।

**১.০ পরীক্ষার ফরম পূরণের নিয়মাবলী:**

১.১ নির্ধারিত তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রবেশ করে Online-এর মাধ্যমে সকল পর্বের ফরম পূরণ সম্পন্ন করতে হবে। ফরম পূরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের বৈধ পরীক্ষার্থীদের তালিকা Probable List দেখতে পাবে, যা Final List-এ নিয়ে অনলাইন ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণের পর স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠানের নির্ধারিত ফি হিসাব হয়ে যাবে এবং পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি ইত্যাদি সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে (ছক-১)-এ বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে প্রদান করতে হবে। **Online-এ ফরম পূরণ সম্পর্কিত হেল্পলাইন নম্বরঃ ০২৫৫০০৬৫৪৪**

১.২ সংযোগ রক্ষা/পুনঃভর্তি প্রয়োজন রয়েছে এমন পরীক্ষার্থীর নাম Probable List-এ না থাকলে Add Record-এর মাধ্যমে তাদের তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। তবে Add Record-এর মাধ্যমে ফরম পূরণ করা শিক্ষার্থীদের পরীক্ষার ফি সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরিশোধ করা যাবে না। এ ধরনের শিক্ষার্থীদের ফরম পূরণ ফি জরিমানা ব্যতিত ০২/১২/২৫ হতে ০৩/১২/২০২৫ তারিখের মধ্যে ডিডি করে সরাসরি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের কৃষি ও টেক্সটাইল শাখা (১ নং ভবনের ৫ম তলা) ***ছক-১*** বর্ণিত তারিখে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, প্রবিধান মোতাবেক সকল শর্ত পূরণ না হলে এসব শিক্ষার্থী বৈধ পরীক্ষার্থী হিসাবে গন্য হবে না।

১.৩ Online-এ পূরণকৃত ফরম (EFF)-এর Final List (পরীক্ষার্থীর স্বাক্ষর, Total Student List, Payment Summery List & Payment Voucher) নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে জমা দিতে হবে।

১.৪ ***ছক-১*** বর্ণিত Online-এ এন্ট্রির নির্ধারিত সময়সীমার পরে অর্থাৎ ২০/১১/২৫ তারিখের পর Final List প্রিন্ট করে বোর্ডে জমা দিতে হবে। ***৩০/১১/২৫ তারিখের পূর্বের প্রিন্ট করা Final List গ্রহণ করা হবে না।*** বোর্ডে প্রেরিত Final List-এর প্রিন্ট আউট কপি ও ফরম পূরণ সংক্রান্ত অন্যান্য ডকুমেন্টস এর ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে যে কোন সমস্যায় উল্লেখিত ডকুমেন্টস এর ফটোকপিসহ বোর্ডে আবেদন করতে হবে।

১.৫ Total Question Count List অত্র বোর্ডের গোপনীয় শাখায় (১ নং ভবনের ৮ম তলা) অবশ্যই জমা দিতে হবে। **উল্লেখ্য পরীক্ষার প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রে অনলাইনে প্রেরণ করা হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রের (ন্যুনতম ১০ এমবিপিএস) নিরবিচ্ছন্ন ইন্টারনেট সংযোগ থাকতে হবে।**

বি: দ্র: যে সকল প্রতিষ্ঠানের মোবাইল নম্বর এবং Email ID পরিবর্তীত হয়েছে, সে সকল প্রতিষ্ঠান আগামী ***০৭/১২/২৫*** তারিখের মধ্যে পরিবর্তীত মোবাইল নম্বর ও Email-ID পরীক্ষা শাখার ইমেইল: **textile.bteb@gmail.com** অথবা হাতে হাতে পাঠানোর অনুরোধ করা হলো।

২.০ **সাধারণ নির্দেশনাবলীঃ**

২.১ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদের পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে হবে।

২.২ পরীক্ষা শুরুর ৩০ মিনিটের পূর্বে প্রশ্নপত্র বোর্ডের গোপনীয় শাখা হতে অনলাইনে (Online) সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ করা হবে। উক্ত সময়ের মধ্যে প্রশ্নপত্র পাওয়া না গেলে বোর্ডের গোপনীয় শাখার সাথে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবকে যোগাযোগ করতে হবে। **ফোন নম্বর: ০২- ৫৫০০৬৫৩২**

২.৩ নিরাপত্তা ও গোপনীয়তার সুরক্ষা নিশ্চিত করে ৩০ মিনিটের মধ্যে কেন্দ্রের প্রয়োজনীয় প্রশ্নপত্র প্রিন্ট করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পৌছানোর ব্যবস্থা করতে হবে।

২.৪ পাসওয়ার্ড এর গোপনীয়তা বজায় রেখে প্রশ্নপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিবের ই-মেইল এবং বিকল্প ই-মেইল আইডি সচল রাখতে হবে। এক্ষেত্রে মোবাইল নম্বর পরীক্ষা চলাকালীন সার্বক্ষনিক চালু রাখতে হবে। অনলাইনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব এর মোবাইল নম্বর, বিকল্প মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং বিকল্প ই-মেইল আইডি প্রেরণ করতে হবে।

২.৫ বিদ্যুৎ ব্যবস্থা/বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা (জেনারেটর), কম্পিউটার, প্রিন্টার, ইন্টারনেট সংযোগ/বিকল্প ইন্টারনেট সংযোগ, ফটোকপি মেশিন/ডুপ্লো মেশিন) এর ব্যবস্থা সচল রাখা। এছাড়া প্রিন্টার, ফটোকপি মেশিন/ ডুপ্লো-মেশিন ইত্যাদির টোনার, প্রশ্নপত্র ছাপানোর কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি কেন্দ্রে পূর্ব থেকেই মজুত রাখা এবং বোর্ডকে এ বিষয়ে অবহিত করতে হবে।

২.৬ প্রতিটি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব কর্তৃক প্রশ্নপত্র প্রিন্ট ও সংশ্লিষ্ট পরীক্ষার কক্ষে বিতরণের লক্ষ্যে Time Frame উল্লেখসহ একটি Check list তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২.৭ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারনে কোন পরীক্ষার্থী পরে প্রবেশ করলে তার নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর, পর্ব, টেকনোলজী, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারণ ইত্যাদি একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করে ঐদিনই বোর্ডের কৃষি ও টেক্স: পরীক্ষা শাখায় প্রতিবেদন দাখিল করতে হবে। একই পরীক্ষার্থীর একাধিক বার বিলম্ব করলে তদন্ত করতে হবে।

২.৮ কেন্দ্রের কন্ট্রোল রুম/প্রিন্টিং রুমে অবশ্যই সিসিটিভি (CCTV) এর ব্যবস্থা এবং তা সার্বক্ষনিক সচল রাখতে হবে।

## ৩.০ বৈধ পরীক্ষার্থীর বিবরণঃ

| ক্রম | প্রবিধান | পর্ব | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | *প্রবিধান-২০২২* | ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব (নিয়মিত) এবং ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্ব (অনিয়মিত) | ১। রেফার্ড বা অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে পূনঃভর্তি/সংযোগ রক্ষাকারী ফি (যার জন্য যেটি প্রযোজ্য) প্রদান করে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।<br>২। বহিস্কৃত পরীক্ষার্থীদের মধ্যে যাদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়েছে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে (বহিস্কৃত আদেশ কপি সংযুক্ত করতে হবে)। |
| | | ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম পর্ব (নিয়মিত) এবং ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত সরাসরি ৩য়/৪র্থ পর্ব (নিয়মিত) | |
| ২. | *প্রবিধান-২০১০* | ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব (নিয়মিত ও অনিয়মিত) | |

## ৪.০ অনলাইনে ফরম পূরণের তারিখ, পেমেন্ট করার তারিখ, প্রিন্ট আউটের হার্ড কপি (Final list) ও পেমেন্ট ভাউচার/ব্যাংক ড্রাফট বোর্ডে জমা প্রদান ইত্যাদি নিম্ন "ছক-১" মোতাবেক সম্পন্ন করতে হবে।

**"ছক-১"**

| অনলাইনে ফরম পূরণের সময়সীমা | অনলাইনে ফরম পূরণকৃত শিক্ষার্থীদের পরীক্ষার ফি সোনালী সেবা গেটওয়ের মাধ্যমে প্রদান করার সময়সীমা | নির্ধারিত তারিখের পর ৩০০/- টাকা বিলম্ব ফি এবং ১০০০/- টাকা প্রতিষ্ঠান জরিমানাসহ ম্যানুয়াল ফরম পূরণ এবং ব্যাংক ড্রাফট করার সময়সীমা | প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্টের হার্ডকপি ও টাকা/ব্যাংক ড্রাফট জমাদানের রসিদ জমা দেওয়ার সময়সীমা | প্রতিষ্ঠানসমূহের প্রবেশ পত্র ডাউনলোড ও প্রিন্ট করার তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| *১৬/১১/২৫ খ্রি. হতে ৩০/১১/২০২৫খ্রি.* | *০২/১২/২৫ খ্রি. হতে ০৩/১২/২৫খ্রি.* | *০৪/১২/২৫খ্রি.* | *০৪/১২/২৫খ্রি. হতে ১১/১২/২৫খ্রি.* | *১৪/১২/২৫খ্রি. হতে ১৫/১২/২৫খ্রি.* |

- *প্রতিষ্ঠানের এ্যাফিলিয়েশন ফি পরিশোধ না থাকলে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে না।*

৪। পরীক্ষা ও অন্যান্য ফি-সমূহের হার নিম্নরূপ:

**(ক) ২০২২ প্রবিধানভুক্ত ১ম পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(খ) ২০২২ প্রবিধানভুক্ত ২য় পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম পর্বে অকৃতকার্য বিষয় নাই):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(গ) ২০২২ প্রবিধানভুক্ত ২য় পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম পর্বে অকৃতকার্য বিষয় আছে):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ২য় পর্বের জন্য: ৬০০.০০<br>১ম পর্বের জন্য: বিষয় সংখ্যা x ১২৫.০০ |
| ২. | কেন্দ্র ফি | ২য় পর্বের জন্য: ৭০০.০০<br>১ম পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য: ২৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা x ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ঘ) ২০২২ প্রবিধানভুক্ত ৩য় পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম/২য় পর্বে অকৃতকার্য বিষয় নাই):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ঙ) ২০২২ প্রবিধানভুক্ত ৩য় পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম/২য় পর্বে অকৃতকার্য বিষয় আছে):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৩য় পর্বের জন্য: ৬০০.০০<br>১ম ও ২য় পর্বের জন্য: বিষয় সংখ্যা x ১২৫.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৩য় পর্বের জন্য: ৭০০.০০<br>১ম ও ২য় পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য: পর্ব x ২৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা x ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(চ) ২০২২ প্রবিধানযুক্ত ৪র্থ পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম/২য়/৩ম পর্বে অকৃতকার্য বিষয় নাই):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ছ) ২০২২ প্রবিধানযুক্ত ৪র্থ পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম/২য়/৩য় পর্বে অকৃতকার্য বিষয় আছে):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৪র্থ পর্বের জন্য: ৬০০.০০<br>১ম, ২য় ও ৩য় পর্বের জন্য: বিষয় সংখ্যা × ১২৫.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৪র্থ পর্বের জন্য: ৭০০.০০<br>১ম, ২য় ও ৩য় পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য: পর্ব × ২৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা × ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(জ) ২০২২ প্রবিধানভুক্ত ৫ম পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম/২য়/৩ম/৪র্থ পর্বে অকৃতকার্য বিষয় নাই):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ঝ) ২০২২ প্রবিধানভুক্ত ৫ম পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (যাদের ১ম/২য়/৩ম/৪র্থ পর্বে অকৃতকার্য বিষয় আছে):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৫ম পর্বের জন্য: ৬০০.০০<br>১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্বের জন্য: বিষয় সংখ্যা × ১২৫.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৫ম পর্বের জন্য: ৭০০.০০<br>১ম, ২য়, ৩য় ও ৪র্থ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য: পর্ব × ২৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা × ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ঞ) ২০২২ প্রবিধানভুক্ত ৬ষ্ঠ পর্ব নিয়মিত/অনিয়মিত (যাদের ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম পর্বে অকৃতকার্য বিষয় নাই):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ট) ২০২২ প্রবিধানভুক্ত ৬ষ্ঠ পর্ব মিয়মিত/অনিয়মিত (যাদের ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম পর্বে অকৃতকার্য বিষয় আছে):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬ষ্ঠ পর্বের জন্য: ৬০০.০০<br>১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম পর্বের জন্য: বিষয় সংখ্যা × ১২৫.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৬ষ্ঠ পর্বের জন্য: ৭০০.০০<br>১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য: পর্ব × ২৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা × ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ঠ) ২০২২ প্রবিধানভুক্ত ৭ম পর্ব নিয়মিত/অনিয়মিত (যাদের ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ পর্বে অকৃতকার্য বিষয় নাই):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৬০০.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা × ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ড) ২০২২ প্রবিধানভুক্ত ৭ম পর্ব নিয়মিত/অনিয়মিত (যাদের ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ পর্বে অকৃতকার্য বিষয় আছে):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৭ম পর্বের জন্য: ৬০০.০০<br>১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের জন্য: বিষয় সংখ্যা x ১২৫.০০ |
| ২. | কেন্দ্র ফি | ৭ম পর্বের জন্য: ৭০০.০০<br>১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অকৃতকার্য বিষয়ের জন্য: পর্ব x ২৫০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা x ৮০.০০ |
| ৪. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৫. | ব্যাবহারিক পরীক্ষার কেন্দ্র ফি | ১০০.০০ |
| ৬. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |

**(ঢ) ২০২২ প্রবিধানভুক্ত ৮ম পর্ব নিয়মিত (যাদের ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম পর্বে অকৃতকার্য বিষয় নাই):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৪০০.০০ |
| ২. | ৮ম পর্বের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট পরীক্ষার কেন্দ্র ফি (প্রতিষ্ঠান ২০০/-, ব্যাবহারিক কেন্দ্র ৩০০/-) | ৫০০.০০ |
| ৩. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | ৮০.০০ |
| ৪. | সমন্বিত একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (বোর্ড পাবে) | ১২০.০০ |
| ৫. | সনদপত্র ফি (বোর্ড পাবে) | ১২০.০০ |
| ৬. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৭. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা (কেন্দ্র পাবে) | ৫০.০০ |
| ৮. | শিল্প-কারখানা ট্রেনিং ফি (প্রতবেদন বই ১৫০.০০, বোর্ড ৭০.০০, প্রতিষ্ঠান ৩৮০.০০) | ৬০০.০০ |

**(ণ) ২০২২ প্রবিধানভুক্ত ১ম/৩য় পর্বের মেকআপ বিষয়ের ফি: (সরাসরি ৩য় ও ৪র্থ পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়মিত পর্বের নির্ধারিত ফি-এর অতিরিক্ত):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি (বোর্ড পাবে) | ৩০০.০০ |
| ২. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা x ৮০.০০ |
| ৩. | ব্যাবহারিক পরীক্ষার ফি | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |

**(ত) ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১০ প্রবিধানভুক্ত ৪র্থ/৫ম/৬ষ্ঠ/৭ম/৮ম পর্ব নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য (রেফার্ডসহ):**

| | | |
|---|---|---|
| ১. | পরীক্ষার ফি* (বোর্ড পাবে) | ৬০০.০০<br>৮ম পর্বের জন্য: ৪০০.০০ |
| ২. | অকৃতকার্য বিষয়ের ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | অকৃতকার্য বিষয়ের সংখ্যা x ১২৫ |
| ৩. | কেন্দ্র ফি*<br>৮ম পর্বের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট পরীক্ষার কেন্দ্র ফি (প্রতিষ্ঠান ২০০/-, ব্যাবহারিক কেন্দ্র ৩০০/-) | ৭০০.০০<br>৮ম পর্বের জন্য: ৫০০.০০ |
| ৪. | নম্বরপত্র ফি (বোর্ড পাবে) | পর্ব সংখ্যা x ৮০.০০ |
| ৫. | সনদপত্র ফি ৮ম পর্ব (বোর্ড পাবে) | ১২০.০০ |
| ৬. | ব্যাবহারিক পরীক্ষার ফি* | ব্যাবহারিক বিষয়ের সংখ্যা x ৪০.০০ |
| ৭. | প্রশ্নপত্র ব্যাবস্থাপনা* (কেন্দ্র পাবে) | ৫০.০০ |
| ৮. | শিল্প-কারখানা ট্রেনিং ফি* (প্রতিবেদন বই ১৫০.০০ বোর্ড পাবে ৭০.০০, প্রতিষ্ঠান ৩৮০.০০) | ৬০০.০০ |

***প্রযোজ্য ক্ষেত্রে**

- ***সকল পর্বের বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীর জন্য ৩০০/- টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) ।***
- ***নিজস্ব প্রতিষ্ঠান কেন্দ্র না হলে অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য কেন্দ্রকে ২০০/- হারে কেন্দ্র ফি প্রদান করতে হবে।***
- ***প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফি যথাসময়ে জমা দিতে ব্যর্থ হলে বিলম্বের জন্য প্রতিষ্ঠানের জরিমানা ১০০০/- টাকা।***
- ***কোনভাবেই বোর্ড নির্ধারিত ফি-এর অতিরিক্ত ফি আদায় করা যাবে না। অতিরিক্ত ফি আদায় করলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।***

## ৬.০ **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীদের ফি প্রদানের পদ্ধতি :**

৬.১ অনলাইনে ফরম পূরণের পর স্বয়ংক্রিয়ভাবে প্রতিষ্ঠানের নির্ধারিত ফি হিসাব হয়ে যাবে এবং পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি এর সমুদয় টাকা **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে** নিম্ন ফ্লোচার্ট অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে প্রদান করতে হবে।

৬.২ **সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফরম পূরণের ফি প্রদানের পদ্ধতিঃ [০২/১২/২৫ হতে ০৩/১২/২৫ তারিখ পর্যন্ত প্রদান করা যাবে]**

**ধাপ-০১** (Apply for Form Fill Up):

**www.bteb.gov.bd** → **ফরম পুরণ** → **ডিপ্লোমা পর্যায়** → **Diploma in Textile engineering**

| | |
|---|---|
| **Course Curriculum** | **Diploma in Textile Engineering** |
| **Exam Year** | 2025 |
| **Institution Code** | ***** |
| **Password** | ***** |

**Log In** → **Final List** → **Payment Summary**

| Semester | Total Student | Total Amount |
|---|---|---|
| ***** | ***** | ***** |

**Click for Online Payment** → **Account/E-Wallet/Counter**

**Account: সোনালী ব্যাংকের হিসাব হতে /E-Wallet: সোনালী ব্যাংকের E-Wallet হতে /Counter: ভাউচার ডাউনলোড করে ব্যাংকের মাধ্যমে ফি প্রদান।**

- ***Add Record***-*এর মাধ্যমে ফরম পূরণ করা শিক্ষার্থীদের পরীক্ষার ফি "সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড"-এর অনুকূলে সোনালী ব্যাংক-এ ডিডি/ড্রাফট করে সরাসরি* ***বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগের কৃষি ও টেক্সটাইল শাখা (৫ম তলা) কর্তৃক যাচাইপূর্বক*** *হিসাব শাখা নির্ধারিত ফরমে নির্ধারিত তারিখে জমা প্রদান করতে হবে।*

Add Reccord করা শিক্ষার্থীদের জন্য নিম্নবর্ণিত ছক অনুসারে **পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা** (দৃষ্টি আকর্ষণঃ সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল) বরাবর আবেদনসহ ব্যাংক ড্রাফট ১নং ভবনের ৫ম তলায় ৫০৯ নম্বর কক্ষে জমা দিতে হবে।

| ক্রম. | পরীক্ষার্থীদের নাম | রোল নম্বর ও পর্ব | রেজিঃ নম্বর ও সেশন | বিষয়ের কোড | পরীক্ষার ফি | নম্বরপত্র ফি | অকৃতকার্য বিষয়ের ফি | ফিল্ড ট্রেনি ফি | সনদপত্র ফি | বিলম্ব ফি | মোট টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

৭.০ **পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ (যাহা কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয় হবে) ব্যয়ের বিবরণঃ**

৭.১ কেন্দ্র ফি, ব্যাবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ০১ (এক) সপ্তাহ পূর্বে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ ব্যাংক ড্রাফটের মাধ্যমে অবশ্যই প্রেরণ করতে হবে। **উল্লেখ্য, কেন্দ্র ফি ও ব্যাবহারিক পরীক্ষার ফি যথাসময়ে পরিশোধ না করলে এই মর্মে কেন্দ্র হতে প্রাপ্ত কোন অভিযোগের সত্যতা পাওয়া গেলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার ফলাফল স্থগিত থাকবে।**

৮.০ **প্রবেশপত্র প্রিন্ট:**

ছক-০১ এর কলাম-০৫ বর্ণিত তারিখ অনুযায়ী প্রতিষ্ঠানসমূহ প্রবেশপত্র **Download** ও **Print** করতে পারবে। A4 size, ৮০ গ্রাম কাগজের এক পৃষ্ঠায় প্রবেশপত্র এবং অপর পৃষ্ঠায় শৃঙ্খলাবিধি কালার **Print** করে নির্ধারিত স্থানে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সীল স্বাক্ষর সম্পন্ন করতঃ পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক প্রবেশপত্র **Download** এবং **Print** করার প্রক্রিয়া (ধাপসমূহ) নিম্নে দেয়া হলোঃ

**(www.bteb.gov.bd)**

↓

ইনস্টিটিউট লগইন
(ডিপ্লোমা ও সার্টিফিকেট পর্যায় এ ক্লিক করতে হবে)

↓

(Institute Code এবং Password দিয়ে Login করতে হবে)

↓

(Admit Card মেনু থেকে All Diploma অপশন সিলেক্ট করতে হবে)

↓

(Select Course Curriculum Dropdown মেনু হতে কারিকুলাম নির্বাচন করে Submit করতে হবে)

↓

একজন শিক্ষার্থীর পৃথক Admit Card Print করার জন্য উক্ত শিক্ষার্থীর রেকর্ডের পাশের Print বাটনে ক্লিক করতে হবে।

Download All Admit Card বাটনে ক্লিক করলে ৫০ জন শিক্ষার্থীর প্রবেশপত্র একত্রে ডাউনলোড করার বাটন লিস্ট পাওয়া যাবে।

**৯.০ তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যাবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর প্রেরণঃ**

*২০২৫ সালে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বোর্ড সমাপনী পরীক্ষায়* অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যাবহারিক ধারাবাহিক (TC/PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে অনলাইনের মাধ্যমে নিম্নোক্ত "ছকে" বর্ণিত তারিখ অনুযায়ী প্রেরণ করতে হবে। **TC/PC পরীক্ষায় কোন শিক্ষার্থী অকৃতকার্য হলে কোন ভাবে ফরম পূরণের যোগ্য বিবেচিত হবে না।** নির্ধারিত তারিখের মধ্যে অব্যর্থভাবে অনলাইনে TC/PC নম্বর পত্রের হার্ড কপি কৃষি ও টেক্সটাইল শাখায় জমা দিতে হবে।

| **"ছক-২"** | |
|---|---|
| **ধারাবাহিকের নম্বর ১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নম্বর প্রেরণঃ** | |
| **অনলাইনে-এ TC/PC নম্বর প্রেরণ** | **মন্তব্য** |
| ১৭/১২/২০২৫খ্রি. হতে ০৮/০১/২০২৬খ্রি. | TC/PC নম্বর নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে জমা দিতে ব্যর্থ হলে পরীক্ষা নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। |

| **"ছক-৩"** | |
|---|---|
| **ব্যাবহারিক নম্বর ১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম (নিয়মিত) পর্ব ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব (অনিয়মিত) নম্বর প্রেরণঃ** | |
| ব্যাবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর অনলাইনে PF নম্বর প্রেরণ | **মন্তব্য** |
| রুটিন অনুযায়ী | ব্যাবহারিক পরীক্ষা শেষ হওয়ার পর অনলাইনে TC, PC ও PF এর নম্বর প্রেরণ করে **০৫/০২/২৬** তারিখের মধ্যে হার্ড কপি প্রিন্ট করে এবং **হাজিরা শীট ও শিরোনাম পত্র অবশ্যই রোল নম্বরের ক্রমিক অনুসারে বাধাঁই করে (পর্ব ও টেকনোলজি ভিত্তিক) বোর্ডের ১ নং ভবনের ৫ম তলায় জমা দিতে হবে।** হাজিরা শিটের ফটোকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। হাজিরা শিটের সকল কলাম পূরণ করতে হবে। ***উল্লেখ্য নির্ধারিত সময়ে জমা দিতে ব্যর্থ হলে পরীক্ষা নীতিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।*** |

**১০.০** সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তার মনোনীত প্রতিনিধি নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী প্রবেশপত্র ও উত্তরপত্রসহ পরীক্ষার মালামাল গ্রহণ করবেন। মালামালের চাহিদা ফরমে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে। (প্রতিনিধির নাম, পদবী ও নমূনা স্বাক্ষর কেন্দ্র সচিব কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে)। **এছাড়াও মালামাল গ্রহণের সময় অবশ্যই উত্তরপত্র গ্রহণ ও বিতরণ রেজিষ্টারের ফটোকপি সংযুক্ত করে দিতে হবে।**

| **"ছক-৪"** | |
|---|---|
| **প্রবেশপত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহণঃ** | |
| প্রবেশপত্র ও উত্তরপত্র/মালামাল গ্রহনের তারিখ<br>**ছক ১ এর ৫ কলাম অনুযায়ী**<br>(ফরম পূরণের হার্ড কপি জমা প্রদানের সময় অনুযায়ী) | প্রবেশপত্র সংশোধনের প্রয়োজন থাকলে পরীক্ষা শুরুর পূর্বের দিন পর্যন্ত সম্পন্ন করা যাবে। পরীক্ষা শুরুর পর সংশ্লিষ্ট পরীক্ষার কোন প্রবেশপত্র সংশোধন করতে হলে তত্ত্বীয় পরীক্ষা শেষ হওয়ার পুর্বে ৫০০ (পাঁচশত) টাকা সংশোধন ফি প্রদান করে সংশোধন করতে হবে। |

১০.১ অধ্যক্ষ/কেন্দ্র সচিব/শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রবেশপত্র গ্রহণ করে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করবেন। প্রবেশপত্র গ্রহণ করার পর তা সঠিক আছে কি না ভালভাবে যাচাই করতে হবে। প্রবেশ পত্রের ভুলের কারণে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড কতৃপক্ষ দায়ী থাকবে না।

১০.২ পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্তকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যাবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

১০.৩ **পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় পত্র যোগাযোগ নমুনা মোতাবেক নিম্ন ঠিকানায় প্রেরণ করতে হবে।**

| | | |
|---|---|---|
| প্রেরক,<br>প্রতিষ্ঠান/কেন্দ্রের নাম ও ঠিকানা | বরাবর,<br>সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ)<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ভবন-১ (৫ম তলা)<br>আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। | **বিষয় :**<br>**কেন্দ্র কোড :**<br>**তারিখ :** |

- **প্রশ্নপত্র সংক্রান্ত বিষয়ে জানার জন্য বোর্ডের উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) শাখায় যোগাযোগ করতে হবে। ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৩২**

**বিঃ দ্রঃ অভিজ্ঞ শিক্ষকদের মধ্যে হতে বিষয় ভিত্তিক নামের তালিকা আগামী ২০/১১/২০২৫ হতে ২০/১২/২০২৫ তারিখের মধ্যে তালিকা Online-এ প্রেরণ করে এর হার্ড কপিতে অধ্যক্ষের সীল স্বাক্ষরসহ ফরম ফিলাপের সাথে সংশ্লিষ্ট শাখায় (৫ম তলা) জমা প্রদান করতে হবে। কোন প্রতিষ্ঠান অসত্য তথ্য (নন-টেক কে টেক এন্ট্রি দেয়া) এন্ট্রি করলে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণনের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ হবে এবং উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষন এবং প্রধান পরীক্ষণ কার্যক্রম থেকে বিরত রাখা হবে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে বিষয়ের নাম উল্লেখ করতে হবে। উল্লেখ্য, অনলাইনে নাম এন্ট্রি না করলে পরীক্ষক/নিরীক্ষক/প্রধান পরীক্ষক হিসাবে নিয়োগের জন্য বিবেচনাযোগ্য হবে না।**

## ১১.০ বিশেষ শর্তাবলি :

১১.১ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয়ভিত্তিক উত্তীর্ণমান পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদি অনলাইনে সঠিকরূপে পূরণ করতে হবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভূলের কারণে শিক্ষার্থীদের ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। ***বিশেষ করে কারিকুলাম টেকনোলজি কোড, কেন্দ্র কোড, বিষয় কোড ভুল হলে ফলাফল প্রকাশ করা সম্ভব নাও হতে পারে।***

১১.২ অসম্পুর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট ফরম পূরণের জন্য বোর্ড দায়ী থাকবে না।

## ১২.০ বিশেষ নির্দেশনাবলীঃ

১২.১ ফরমপূরণকৃত সকল শিক্ষার্থীর হাজিরা র সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষার শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। অবশ্যই প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।

১২.২ ফলাফল সংক্রান্ত যে কোন আপত্তি/ মন্তব্য থাকলে তা ফলাফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে লিখিত ভাবে অধ্যক্ষের মাধ্যমে প্রবেশপত্র সহ বোর্ডে কৃষি/টেক্সটাইল শাখায় (১ নং ভবনের ৫ তলা) আবেদন জমা দিতে হবে।

১২.৩ নির্ধারিত তারিখে অনুষ্ঠিত সকালের পরীক্ষার উত্তরপত্র ও লিথো (১ম অংশ) বিষয় কোড আলাদা আলাদা করে একই বক্সে আলাদা আলাদা শিরোনামপত্র সহ ঐ দিনই ডাকযোগে পাঠাতে হবে। এ ব্যাপারে পোষ্ট অফিসকে পূর্ব হতে চিঠি দিয়ে অবহিত করতে হবে। উত্তরপত্র পাঠানোর এ নির্দেশ না মানা হলে পরবর্তীতে পরীক্ষার কেন্দ্র বাতিল বলে গণ্য হবে এ ব্যাপারে কোন নোটিশ দেয়া হবে না। উত্তর পত্রের প্যাকেট এর কাপড় অবশ্যই **গোলাপী রং** হতে হবে।

১২.৪ পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি যেমন-উত্তরপত্র, ব্যাবহারিক উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করার পর অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত অব্যবহৃত ব্যাবহারিক উত্তরপত্র এবং অনলাইনে বোর্ডে প্রেরিত সকল তথ্যের হার্ড কপি একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে। **উল্লেখ্য উক্ত বিষয়ের প্রতিদিনের হিসাব একটি রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে রাখতে হবে।**

১২.৫ বহিস্কৃত প্রতি পরীক্ষার্থীর জন্য সংযোজনী-ক ফরম নং ০১ ও সংযোজনী-গ ফরম নং ০৩ পূরণ করে বহিস্কৃত প্রতি উত্তর পত্রের সংঙ্গে। স্টেপলার করে দিতে হবে । বহিস্কৃত পরীক্ষার্থীর উত্তর পত্রের লিথো কোডের ১ম অংশ ছেড়া যাবে না। প্রতিবেদনসহ একই দিনে উত্তরপত্র আলাদা প্যাকেটে ডাক যোগে পাঠাতে হবে। বহিস্কৃত উত্তর পত্রে মন্তব্যসহ হল পরিদর্শক, হল সুপার ও কেন্দ্র সচিবের স্বাক্ষর থাকতে হবে। বহিস্কৃত প্রতিবেদনের সকল তথ্য পূরণ করতে হবে। বিশেষ করে কত ধারায় এবং কি কারণে বহিস্কার করা হল তা স্পস্ট করে লিখতে হবে।

১২.৬ উত্তরপত্রের সাথে কোন শিরোনামপত্র বা কোন তথ্য সন্নিবেশিত করা যাবে না। শুধুমাত্র বান্ডিল লেভেল ব্যবহার করতে হবে এর ব্যতিক্রম বাঞ্চনীয় নয়। লিথো টপ (১ম অংশ) এর প্যাকেটের সাথে বিষয়ের শিরোনামপত্র ১ কপি ভিতরে এবং এক কপি উপরে দিতে হবে এবংবিষয়ভিত্তিক পৃথক পৃথক করে বক্স এর ভিতর প্যাকেট করতে হবে এবং উত্তরপত্র বিষয় ভিত্তিক পৃথক পৃথক করে প্যাকেট করতে হবে। একই বিষয়ের একই পর্বের লিথুর ১ম অংশ একসাথে এক বক্সে পাঠাতে হবে। কোন ভাবে লিথোর প্রথম অংশ উত্তর পত্রের প্যাকেটের মধ্যখানে বা উত্তরপত্রের ভিতরে লুকানো অবস্থায় দেয়া যাবে না। পরে **লিথোর বক্স ও উত্তরপত্র অবশ্যই আলাদা করে এবং আলাদাভারে প্যাকেট করে গোলাপী কাপড়** দিয়ে সেলাই ও সিল গালা করে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সঃ) বরাবর বোর্ডে প্রেরণ করতে হবে।

১২.৭ অনিয়মিত পরীক্ষার্থীর হাজিরা শিটে শুধু প্রবেশপত্রে প্রদর্শিত বিষয়/বিষয়াদির নাম থাকতে হবে। এই ক্ষেত্রে ঐ বিষয়ের ভিত্তিতেই উপস্থিত/অনুপস্থিত লিখতে হবে। পরীক্ষায় অংশগ্রহণ করেও ভুলক্রমে অনুপস্থিত লিখলে অনুত্তীর্ণ ধরা হবে।

১২.৮ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর সম্পন্ন হবে। তবে প্রতি ক্ষেত্রে দৃষ্টি আকর্ষণ: সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল) উল্লেখ করতে হবে। ফোন নম্বর: ০২-৫৫০০৬৫৪৪

১২.৯ কেন্দ্র সচিব শিরোনাম পত্রের সকল কলাম যেমন- ভুল বৃত্ত, অনুপস্থিত, বহিস্কৃত/অভিযুক্ত কলামে রোল নম্বরসমূহ যথাযথভাবে পূরণ করে পরীক্ষা শেষে রোল নম্বরের ক্রম অনুসারে শিরোনাম পত্রসমূহ একত্রে বান্ডিল, বাক্সের প্রথম অংশের রোল নম্বরসমূহ পূরণ করে হাজিরা শীট একত্রে বান্ডিল করে বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী এক সাথে বোর্ডে সংশ্লিষ্ট শাখায় জমা দিয়ে নিশ্চিত করতে হবে।

১২.১০ অকৃতকার্য পরীক্ষার্থীদের তালিকা ও পরীক্ষার ফি বাবদ প্রদত্ত পেমেন্ট ভাউচারের বিবরণীর তালিকাসহ স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণ করতে হবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান বহন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ছাড়া পরীক্ষার্থীর

কাগজপত্র ও পেমেন্ট ভাউচার গ্রহণ করা হবে না। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ দলিলাদি একটি রেজিষ্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুদের পরিমান সংরক্ষন করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে।

**বিঃদ্রঃ (১) নতুন উত্তরপত্র এবং পুরাতন উত্তরপত্র চেনার নমুনা সংযুক্ত করা হলো। কোন অবস্থাতেই পুরাতন খাতায় পরীক্ষা নেয়া যাবে না।**

- **সার্বিক প্রয়োজনে হেল্প নম্বর-০২৫৫০০৬৫৪৪**

**স্বাক্ষরিত/-**
**(মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩১৩.৪১.০০৩.২৫-৩৭৯

তারিখ: ০১ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৬ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ


**সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।
৫-৮. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইসিটি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অধ্যক্ষ ..........................................................................................।
১০. জেলা প্রশাসক, ..................................................................।
১১-১৮. উপপরিচালক , বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ।
১৯-২১. উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা)/উপসচিব (রেজিস্ট্রেশন)/ উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
**(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচার এবং অন-লাইনে ছাত্র/ছাত্রী নামের তালিকা (Probabal list) প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।**
২৩. উপজেলা নির্বাহী অফিসার, ..................................................................।
২৪. কারিকুলাম বিশেষজ্ঞ (টেক্সটাইল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৫ সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (বিতরণ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
**(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে উত্তরপত্র ও অন্যান্য সকল মালামাল সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।**
২৬ সহকারি প্রোগ্রামার (কৃষি ও টেক্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৭. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৮. অফিস নথি।

১৬/১১/২৫
**(মো: মেহেদী হাসান খান)**
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
(কৃষি ও টেক্সটাইল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৫৫০০৬৫৪৪
ই-মেইল: textile.bteb@gmail.com


# নতুন খাতার নমুনা

শুধুমাত্র ২২ সিরিজের খাতাগুলো ডিপ্লোমা ইন টেক্সটাইল, এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্টক ও ফরেস্ট্রি পরীক্ষা ২০২২ এর পরীক্ষায় ব্যবহার করতে হবে।




# পুরাতন খাতার নমুনা

সিরিয়াল নাম্বার ২১,২০,১৯ বা কম সিরিজের খাতাগুলো ডিপ্লোমা ইন টেক্সটাইল,এগ্রিকালচার, ফিসারিজ, লাইভস্টক ও ফরেস্ট্রি পরীক্ষা ২০২২ এর পরীক্ষায় ব্যবহার করা যাবেনা।



# <u>চাহিদা ফরম</u>

প্রতিষ্ঠানের কোড নম্বর

কেন্দ্র/প্রতিষ্ঠানের নামঃ----------------------------------------------------------------------------------------------------------------------------

পোষ্ট:--------------------------------------------- উপজেলা:------------------------------------- জেলা:-------------------------------------------